

কৃপণতা থেকে বিরত থাকো

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু
বিসমিল্লাহির রহমানুর রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছেঃ

কৃপণতা থেকে বিরত থাকো।

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছেঃ

সূরা ৯২ আল লাইল, আয়াতঃ ৮-১১

وَأَمَّا مَنْ بَخِلَ وَاسْتَغْنَىٰ (৪)

অর্থঃ আর যে কৃপণতা করে এবং বেপরোয়া হয়।

وَكَذَّبَ بِالْحُسْنَىٰ (৯)

অর্থঃ আর ভালো কাজকে (ইসলামকে) মিথ্যা মনে করে।

فَسَنِّيئِرُهُ لِلْعُسْرَىٰ (১০)

অর্থঃ আমরা তাকে কঠোর পরিণতির পথ সুগম করে দেব।

وَمَا يُغْنِي عَنْهُ مَالُهُ إِذَا تَرَدَّىٰ (১১)

অর্থঃ যখন সে অধঃপতিত হবে তখন তার সম্পদ কোনই কাজে আসবে না।

পবিত্র কোরআনে আরও ইরশাদ হচ্ছেঃ

সূরা ৬৪ আত তাগাবুন, আয়াতঃ ১৬

(16) وَمَنْ يُوقِ شُحَّ نَفْسِهِ فَأُولَئِكَ هُمُ الْمُفْلِحُونَ

অর্থঃ আর যারা অন্তরের কাৰ্পন্য হতে মুক্ত, তারাই সফলকাম।

মুসলিম শরীফের হাদীস নং ২৫৭৮। রিয়াদুস সালাহীন
৫৬৪

باب تَحْرِيمِ الظُّلْمِ

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مَسْلَمَةَ بْنِ قَعْنَبٍ، حَدَّثَنَا دَاوُدُ، - يَعْنِي ابْنَ قَيْسٍ -
عَنْ عُبَيْدٍ، اللَّهُ بْنُ مِقْسَمٍ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ، أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى
اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ " اتَّقُوا الظُّلْمَ فَإِنَّ الظُّلْمَ ظُلُمَاتٌ يَوْمَ الْقِيَامَةِ
وَ اتَّقُوا الشُّحَّ فَإِنَّ الشُّحَّ أَهْلَكَ مَنْ كَانَ قَبْلَكُمْ حَمَلَهُمْ عَلَى أَنْ سَفَكُوا
دِمَاءَهُمْ وَ اسْتَحَلُّوا مَحَارِمَهُمْ " .

পরিচ্ছেদঃ ১৫. যুল্ম হারাম

হাদিস একাডেমি নাম্বারঃ ৬৪৭০, আন্তর্জাতিক নাম্বারঃ ২৫৭৮

৬৪৭০-(৫৬/২৫৭৮) আবদুল্লাহ ইবনু মাসলামাহ্ ইবনু কা'নাব (রহঃ) জাবির ইবনু আবদুল্লাহ (রাযিঃ) থেকে বর্ণিত যে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা অত্যাচার করা থেকে বিরত থাক। কেননা কিয়ামত দিবসে অত্যাচার অন্ধকারে পরিণত হবে। তোমরা কৃপণতা থেকে সাবধান হও। কেননা এ কৃপণতাই তোমাদের আগেকার কাওমকে ধ্বংস

করেছে। এ কৃপণতা তাদের খুন-খারাবী ও রক্তপাতে উৎসাহ
যুগিয়েছে এবং হারাম বস্তুসমূহ হালাল জ্ঞান করতে প্রলোভন
দিয়েছে। (ইসলামিক ফাউন্ডেশন ৬৩৪০, ইসলামিক সেন্টার
৬৩৯০)

প্রিয় ভাই ও বোনেরা, আসুন আমরা নিজেদের উপর জুলুম না
করি। কৃপণতা আমাদের ধ্বংস করে দেবে। আল্লাহ আমাদেরকে
ক্ষমা করুন এবং সঠিক পথ প্রদর্শন করুন।

আমীন।

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু।

.....